



ফুলগাজী উপজেলা পরিষদের অনুষ্ঠিত মাসিক ৩৬ তম (মে-২০২২খ্রিঃ) সাধারণ সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময় : ১৯-০৫-২০২২ খ্রিঃ, বেলা-১২:০০ ঘটিকা। (বৃহঃস্পতিবার)  
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।  
সভাপতি : জনাব মোঃ আবদুল আলিম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলগাজী, ফেনী।

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তা এবং সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ এবং বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়।

নং	আলোচনা ও সিদ্ধান্ত
০১	<p align="center">-: আর্থিক :-</p> <p>আলোচনা-০১: উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্পের কাজ যাচাই-বাছাই কাজ সমাপ্ত হয়েছে দ্রুত দরপত্র আহ্বান করা হবে।</p> <p>সিদ্ধান্ত-০১: ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, ফুলগাজী, ফেনী।</p>
০২	<p align="center">-ঃ উন্নয়নমূলকঃ-</p> <p>০১ আলোচনা : উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান, অবগত আছি যে, স্বাধীন বাংলাদেশের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নির্দেশনা ১৯৭৪ সালে প্রথম আদমশুমারি ও গৃহগণনা পরিচালনা হয়। এরই ধারাবাহিকতায় ১৯৮১, ১৯৯১, ২০০১ এবং ২০১১ সালে যথাক্রমে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম আদমশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হয়েছে। ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে ১০ বছর পর্যায়বৃত্তি অনুসরণপূর্বক ষষ্ঠ ‘জনশুমারি ও গৃহগণনা ২০২২’ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক আগামী ১৫ হতে ২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত এ উপজেলায় পরিচালিত হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।</p> <p>০২ সিদ্ধান্ত: ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে ১০ বছর পর্যায়বৃত্তি অনুসরণপূর্বক ষষ্ঠ ‘জনশুমারি ও গৃহগণনা ২০২২’ কার্যক্রম দ্রুত বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>বাস্তবায়নে: উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ফুলগাজী, ফেনী।</p> <p>০২ আলোচনা: উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ রোগী সেবার কথা বিবেচনায় হাসপাতালে বিশেষ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য সভায় অনুরোধ করেন। খ) তিনি আরো জানান, হাসপাতালে পানি, সিলিং ফ্যান সরবরাহ ও গভীর রতে বহিরাগত মানুষের আনাগোনা রয়েছে।</p> <p>০২ সিদ্ধান্ত: ক) হাসপাতালে বিশেষ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য “পল্লী বিদ্যুৎ নীতিমালা অনুসরণ পূর্বক ডিজিএম, ফুলগাজী”কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ করা হয়। খ) হাসপাতালে পানি ও সিলিং ফ্যান সরবরাহের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত হয় এবং গভীর রতে বহিরাগত মানুষের আনাগোনা রোধে সভাপতি, আইন-শৃংখলা কমিটি, ফুলগাজী’কে অনুরোধ জানানো হয়।</p> <p>বাস্তবায়নে: উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, ফুলগাজী, ফেনী।</p>
০৩	<p align="center">-: অপারেশনাল :-</p> <p>আলোচনা ও সিদ্ধান্ত ১। উপজেলা পরিষদের অভ্যন্তরে বিভাগীয় সকল কর্মকর্তা ও কর্মচারীকে যথাসময়ে অফিসে উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। ২। দপ্তরের প্রতিটি কক্ষ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।</p>
০৪	<p align="center">-ঃ সমন্বয়ঃ-</p> <p>এ সংক্রান্ত কোন কার্যক্রম উপস্থাপন হয়নি।</p>
০৫	<p align="center">-ঃ বিবিধঃ-</p> <p>আলোচনা-০১: সভাপতি সভায় জানান যে, উপজেলা পরিষদ হতে নিয়োগকৃত পরিচ্ছন্নতাকর্মী জনাব জনাব ক্ষুদিরাম শর্মা ও বাগান মালী জনাব মো: নূর করিম। অর্থ বিভাগের প্রবিধি-৩ অধিশাখা’র গত ১২ অক্টোবর ২০২০ তারিখের ৯৩ নং স্মারক এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা’র স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.০১৫.০০৪.১২ (অংশ)-৮৮৩, তারিখঃ ০৯ নভেম্বর ২০২০ খ্রিঃ স্মারক মোতাবেক দক্ষ মালি ও দক্ষ সুইপার হিসেবে দৈনিক ভিত্তিতে ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা হারে মজুরী প্রদানের জন্য সভায় উপস্থাপন করা হয়।</p>





উপজেলা পরিষদের চেয়ারম্যান সভায় আরো জানান, ছুটির দিনেও দাপ্তরিক প্রয়োজনে এবং জাতীয় বিভিন্ন দিবসে জনাব ক্ষুদিরাম শর্মা, পরিচ্ছন্নতা কর্মী ও জনাব মো: নূর করিম, বাগান মালীকে কাজ করতে হয়। তাই সরকারী বিধান মোতাবেক তাঁদের মজুরী পরিশোধের পর ছুটির দিনের জন্য প্রযোজ্য মজুরীও পরিষদ হতে পরিশোধ করা হলে কাজের গতি আসবে।

**সিদ্ধান্ত-০১:** বিস্তারিত আলোচনার পর উক্ত প্রস্তাব উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। তাই উপজেলা পরিষদে নিয়োজিত পরিচ্ছন্নতাকর্মী খুদিরাম শর্মা ও বাগান মালী জনাব মো: নূর করিম, তাদের সরকারীভাবে নিয়োগ প্রদান না হওয়া পর্যন্ত সরকারী ছুটির দিন সহ দক্ষ মালি ও দক্ষ সুইপার হিসেবে দৈনিক ভিত্তিতে =৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা হারে মজুরী প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে ১-** উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী।

**আলোচনা-০২:** সভাপতি সভায় জানান, উপজেলা পরিষদের যাবতীয় সেবামূলক কার্যক্রম বাস্তবায়নের লক্ষে পরিষদে ব্যবহৃত কম্পিউটার টি গত ১৮-০৫-২০২২ তারিখ অপরাহ্নে হঠাৎ শট হয়ে বিকল হয়ে পড়ে। ফলে পরিষদের সকল কার্যক্রম ব্যহত হচ্ছে। তাই উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী উপজেলা চেয়ারম্যান অফিসের জন্য নতুন ০১ (এক) টি কম্পিউটার এবং উপজেলা পরিষদের কাজে ব্যবহারের জন্য উপজেলা নির্বাহী অফিসারের জন্য ০১ (এক) টি 'সিপিইউ' ক্রয়ের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**সিদ্ধান্ত-০২:** উপজেলা চেয়ারম্যান অফিসের জন্য নতুন ০১ (এক) টি কম্পিউটার এবং উপজেলা পরিষদের কাজে ব্যবহারের জন্য উপজেলা নির্বাহী অফিসারের জন্য ০১ (এক) টি 'সিপিইউ' ক্রয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এবং কম্পিউটার ক্রয় কমিটি-২০২২ নিম্নোক্তভাবে অনুমোদিত হয়। ক) উপজেলা প্রকৌশলী, ফুলগাজী-সভাপতি, খ) উপজেলা সমাজসেবা অফিসার, ফুলগাজী-সদস্য, গ) উপজেলা সমবায় অফিসার, ফুলগাজী-সদস্য। উপরোক্ত কমিটিকে দুত কম্পিউটার ক্রয়ের জন্য অনুরোধ করা হয়।  
**বাস্তবায়নে:** উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা পরিষদ কম্পিউটার ক্রয় কমিটি-২০২২।

**আলোচনা-০৩:** সভাপতি সভায় জানান, ফুলগাজী উপজেলা পরিষদের ২০২২-২০২৩ খ্রিঃ অর্থ বৎসরের চূড়ান্ত বাজেট, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা এবং অগ্রাধিকার তালিকা প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত বাজেট, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা এবং অগ্রাধিকার তালিকা প্রয়োজনীয় সংশোধনের পর চূড়ান্ত অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**সিদ্ধান্ত-০৩:** উপস্থাপিত ২০২২-২০২৩ অর্থ বৎসরের বাজেট, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা এবং অগ্রাধিকার তালিকা যথাযথভাবে প্রস্তুত করা হয়েছে মর্মে প্রতীক্ষিত হয়। এমতাবস্থায়, ফুলগাজী উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বৎসরের বাজেট, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা এবং অগ্রাধিকার তালিকা সর্বসম্মতিক্রমে অনুমোদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এবং অনুমোদিত কম্পিসমূহ নোটিশ বোর্ড ও মন্ত্রনালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে ৩** উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী।


**আলোচনা-০৪:** চেয়ারম্যান, আনন্দপুর ইউনিয়ন পরিষদ, ফুলগাজী, ফেনী সভায় জানান, ঈদ-উল-আজহা উপলক্ষে "বন্দুয়া দৌলতপুর হাজী ষ্টোর অস্থায়ী পশুরহাট নতুন করে বসানের জন্য সভায় উপস্থাপন করেন।

**সিদ্ধান্ত-০৪:** "বন্দুয়া দৌলতপুর হাজী ষ্টোর অস্থায়ী পশুরহাট বসানোর বিষয়ে সভায় আলোচনার প্রেক্ষিতে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তগৃহীত হয়।

**বাস্তবায়নে:** উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী।

সভাপতি স্থানীয় জনপ্রতিনিধিদের বক্তব্য শুনেন এবং বিভিন্ন সমস্যা সম্পর্কে অবগত হন। তিনি উপস্থিত বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাদের সরকারি দায়িত্ব পালনে আরো সচেতন হওয়ার জন্য অনুরোধ করেন। সকলকে সরকারী দায়িত্ব সঠিকভাবে পালনের জন্য অনুরোধ করেন। সরকারি দপ্তরগুলোকে জনগনের সেবা কেন্দ্র হিসাবে গড়ে তোলার জন্য অনুরোধ করেন এবং সকলের সহযোগিতায় ফুলগাজী উপজেলাকে একটি আদর্শ উপজেলা হিসাবে গড়ে তোলার আশাবাদ ব্যক্ত করেন।

অতঃপর অধ্যকার আলোচ্যসূচিতে আর কোন প্রসঙ্গ না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মো. আবিদুল আলিম)  
সভাপতি

উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি  
ফুলগাজী, ফেনী।

ও

চেয়ারম্যান

উপজেলা পরিষদ

ফুলগাজী, ফেনী।




স্মারক নং-০৫.২০.৩০৪১.০০০.০৬.০৮৩.২২-২৩

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ০১। মাননীয় সংসদ সদস্য, ফেনী-১, বাংলাদেশ জাতীয় সংসদ।
- ০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। জেলা প্রশাসক, ফেনী।
- ০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফেনী।
- ০৬। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলগাজী।
- ০৭। উপজেলা.....কর্মকর্তা, ফুলগাজী, ফেনী।
- ০৮। চেয়ারম্যান, .....ইউনিয়ন পরিষদ (সকল), ফুলগাজী, ফেনী।
- ০৯। জনাব.....।
- ১০। অফিস কপি।

তারিখঃ ১৯-৫-২০২২ খ্রিঃ।

  
উপজেলা নির্বাহী অফিসার  
ফুলগাজী, ফেনী।

০৫  
স্মারক নং-০৫.২০.৩০৪১.০০০.০৬.০৮৩.২২-২৩  
অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)